Taxi & Limousine Commission

**Meera Joshi**
কমিশনার/চেয়ার

Allan J. Fromberg
*পাবলিক অ্যাফেয়ার্স*
*frombera@tlc.nyc.gov*

Rebecca Harshbarger
*পাবলিক অ্যাফেয়ার্স*
*HarshbargerR@tlc.nyc.gov*

**33 Beaver Street**
**New York, NY 10004**

**শিল্প বিজ্ঞপ্তি #17-08** **জুন 29, 2017**
**অবিলম্বে প্রকাশের জন্য**

# TLC UP: নতুন ড্রাইভার ও ভেহিকেলের আবেদনের জন্য ডিজিট্যালভাবে নথি আপলোড করুন

নতুন TLC ড্রাইভার ও ভেহিকেলের লাইসেন্সের আবেদনকারীরা এখন TLC UP এর মাধ্যমে অনলাইনে প্রয়োজনীয় নথি জমা দিতে কোনো কম্পিউটার বা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারেন। এই নতুন পরিষেবা আসার ফলে প্রয়োজনীয় নথি আর ইমেল বা ডাকযোগে পাঠাতে হবে না। ফলস্বরূপ আবেদনকারীদের সময় বাঁচবে ও সুবিধা হবে।

আবেদনকারীরা প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে পারেন, যেমন তাদের বিমার নথি, স্টেটের চালকের লাইসেন্স বা মেডিক্যাল ফর্মের কপি। এইসব নথিপত্রগুলি স্ক্যান করা ও ইমেজ ফর্ম্যাট সহ বিভিন্ন ফর্ম্যাটে আপলোড করা যেতে পারে।

এছাড়াও TLC UP আবেদনকারীদের সহজেই তাদের আবেদনের স্থিতি চেক করতে দেয়, কোনো কিছু বাদ আছে কিনা জানতে দেয় এবং TLC জমা দেয়া নথি গ্রহণ করেছে কিনা তা নিশ্চিত করে।

TLC UP -টি www.nyc.gov/tlcup এ TLC ওয়েবপেজে পাওয়া যেতে পারে। কীভাবে TLC UP ব্যবহার করতে হয় তা সম্পর্কে TLC লাইসেন্সিং প্লেলিস্টে একটি ভিডিও পাওয়া যাবে: https://www.youtube.com/user/NYCTaxiChannel।

TLC UP এ লগইন করতে আপনার নিম্নলিখিত তথ্যের প্রয়োজন:

- আপনার TLC আবেদনের নম্বর (LARS রসিদে পাওয়া যাবে),
- আপনার ঠিকানার জিপ কোড (আবেদনের সময় যেটা দিয়েছিলেন) এবং
- আপনার SSN বা EIN এর শেষ 5টি সংখ্যা

এই সময়ে, TLC UP শুধুমাত্র ড্রাইভার ও ভেহিকেলের আবেদনকারীদের জন্য উপলব্ধ।